# মিশ্র-বয়সী শ্রেণি: অভিভাবক ও পরিচর্যাকারীদের জন্য তথ্যপত্র

## মিশ্র-বয়সী শ্রেণি কী?

মিশ্র-বয়সী শ্রেণিতে একাধিক বর্ষের শিক্ষার্থীরা একসঙ্গে পড়াশোনা করে। এই শ্রেণিতে একই পাঠ্যক্রমের অধীনে শিক্ষার্থীরা থাকতে পারে অথবা একাধিক পাঠ্যক্রমের অধীনেও শিক্ষার্থীরা থাকতে পারে।

NSW -এর পাঠ্যক্রম নিম্নলিখিত ধাপগুলোতে বিভক্ত:

**প্রাথমিক ধাপ 1:** কিন্ডারগার্টেন

**ধাপ 1 :** ইয়ার 1 এবং ইয়ার 2

**ধাপ 2 :** ইয়ার 3 এবং ইয়ার 4

**ধাপ 3:** ইয়ার 5 এবং ইয়ার 6

শিক্ষার্থীরা মিশ্র-বয়সী শ্রেণিতে বা শুধুমাত্র একটি বর্ষের শ্রেণিতে - যেখানেই থাকুক না কেন, তারা তাদের জন্য উপযুক্ত পাঠ্যক্রমের ধাপ অনুযায়ী শিক্ষা গ্রহণ করে। উদাহরণস্বরূপ, একজন ইয়ার 2 শিক্ষার্থী যে কিনা ইয়ার 1/2 শ্রেণিতে যায়, সে ইয়ার 2 (ধাপ 1)-এর পাঠ্যক্রম অনুসরণ করে। একইভাবে, একজন ইয়ার 4 শিক্ষার্থী যে কিনা ইয়ার 4/5/6 শ্রেণিতে যায়, সে ইয়ার 4 (ধাপ 2)-এর পাঠ্যক্রম অনুসরণ করে।

## আমার সন্তানের স্কুলে কেন মিশ্র-বয়সী শিক্ষার্থী নিয়ে শ্রেণি থাকতে পারে?

অস্ট্রেলিয়ার স্কুলগুলোতে মিশ্র-বয়সী শ্রেণি সাধারণ বিষয় এবং বিভিন্ন কারণে এ ধরনের শ্রেণি তৈরি করা হতে পারে:

- **ভর্তি হওয়ার ধরন** – প্রতি বছর বিভিন্ন বর্ষে শিক্ষার্থীর সংখ্যা পরিবর্তিত হয়। মিশ্র-বয়সী শ্রেণি স্কুলগুলোকে ভারসাম্যপূর্ণ সংখ্যক শিক্ষার্থী নিয়ে শ্রেণি গঠন করতে সহায়তা করে।
- **শিক্ষাগত সুবিধা** – এই ধরনের শ্রেণি শিক্ষার্থীদের শেখার এবং সামাজিক বিকাশের ক্ষেত্রে সুবিধা দিতে পারে, সেই কারণে স্কুলগুলো এ ধরনের শ্রেণিকাঠামো ব্যবহার করতে পারে।
- **ছোট স্কুল** – ছোট ও গ্রামীণ স্কুলগুলোতে মিশ্র-বয়সী শ্রেণি সাধারণত বেশি দেখা যায়। এর মাধ্যমে পর্যাপ্ত সংখ্যক শিক্ষার্থী নিয়ে পূর্ণাঙ্গ শ্রেণি গঠন করা সম্ভব হয়।


CC BY

## শিক্ষার্থীদের কীভাবে মিশ্র-বয়সী শ্রেণিকক্ষে রাখা হয়?

শ্রেণি গঠনের ক্ষেত্রে প্রধান শিক্ষক ও অন্যান্য শিক্ষকরা নিম্নলিখিত বিষয়গুলো বিবেচনা করেনঃ

- শিক্ষার্থীর শেখা ও অংশগ্রহণ।
- স্কুল জুড়ে শিক্ষার্থীদের মিশ্রণ।
- শক্তি, আগ্রহ এবং শিক্ষাগত চাহিদার একটি ভারসাম্য।
- সামাজিক সুস্থতা ও বন্ধুত্বের সম্পর্ক।
- পাঠ্যক্রমের কার্যকর শিক্ষাদান।
- বিভিন্ন শ্রেণিতে সমন্বয় ও সহায়তার ব্যবস্থা করা।

শিক্ষার্থীদের শেখার ক্ষেত্রে সহায়তা করার জন্য তাদের সর্বোত্তম স্বার্থ বিবেচনা করে শ্রেণিতে রাখা হয়। কোনো শিক্ষার্থীকে মিশ্র-বয়সী শ্রেণিতে রাখা হয়েছে - এর অর্থ এই **নয়** যে সে পাঠ্যক্রমের ধাপ অনুযায়ী প্রত্যাশিত মানের চেয়ে এগিয়ে বা পিছিয়ে আছে।

## মিশ্র-বয়সী শ্রেণিতে শেখানো ও শেখার পরিবেশ কেমন হয়?

শিক্ষকরা NSW -এর পাঠ্যক্রম অনুসরণ করে শিক্ষাদানের পরিকল্পনা করেন এবং শিক্ষার্থীদের প্রয়োজন অনুযায়ী তাদের শিক্ষাদানের পদ্ধতিতে পরিবর্তন আনেন। একে **শিক্ষাদানে পার্থক্যকরণ (differentiation)** বলা হয়। সব শ্রেণিকক্ষেই এটি করা হয়, কারণ শিক্ষার্থীরা ভিন্ন ভিন্ন গতিতে শেখে।

মিশ্র-বয়সী শ্রেণিতে শিক্ষার্থীদের শেখার অগ্রগতি ও উন্নতিতে সহায়তা করার জন্য শিক্ষকরা বিভিন্ন ধরনের পদ্ধতি ব্যবহার করেন। এর মধ্যে থাকতে পারে:

- কিছু কার্যক্রমে পুরো শ্রেণিকে একসঙ্গে শেখানো
- নির্দিষ্ট শেখার কার্যক্রমের জন্য ছোট ছোট দলে কাজ করা
- চ্যালেঞ্জ বা সহায়তা দেওয়ার জন্য শেখানোর পদ্ধতিতে পার্থক্য করা
- শিক্ষার্থীদের শেখা প্রকাশ বা প্রদর্শনের পদ্ধতি অনুযায়ী কার্যক্রম, শিক্ষাসামগ্রী বা শেখা প্রদর্শনের উপায় পরিবর্তন করা।

## আপনার প্রশ্নগুলোর উত্তর

### আমার সন্তান কি শিক্ষকের কাছ থেকে কম মনোযোগ পাবে?

শ্রেণিকক্ষের কাঠামো কোনো শিক্ষার্থী কতটা মনোযোগ পাবে তা নির্ধারণ করে না। একক-বর্ষের শ্রেণির মতোই শিক্ষার্থীরা বিভিন্ন শেখার পর্যায়ে রয়েছে—এটি বিবেচনায় শিক্ষকরা রেখে পাঠ পরিকল্পনা করেন।

### আমার সন্তান কি আগে করা কাজ আবার করবে?

শিক্ষকরা শিক্ষার্থীদের শেখার অগ্রগতি পর্যবেক্ষণ করেন এবং সেই অনুযায়ী পাঠ পরিকল্পনা করেন। শিক্ষার্থীরা তাদের জন্য উপযুক্ত পাঠ্যক্রম অনুযায়ী শেখা চালিয়ে যাবে এবং নতুন বিষয় শেখার ক্ষেত্রে তাদের সহায়তা করা হবে।

### আমার সন্তান কি এখনও তার বন্ধুদের সঙ্গে দেখা করতে পারবে?

শ্রেণি গঠনের সময় স্কুলগুলো শিক্ষার্থীদের বন্ধুত্বের সম্পর্ক বিবেচনা করে। এছাড়াও, বিরতির সময় এবং পুরো স্কুল জড়িত এমন  কার্যক্রমে শিক্ষার্থীরা তাদের বন্ধুদের সঙ্গে দেখা করতে ও সময় কাটাতে পারে।

## মিশ্র-বয়সী শ্রেণি কি আমার সন্তানকে কীভাবে পড়ানো হবে, তাতে কোনো প্রভাব ফেলবে?

শিক্ষকরা সুস্পষ্ট ও সরাসরি শিক্ষাদান পদ্ধতি ব্যবহার করেন এবং শিক্ষার্থীদের শেখার অগ্রগতি, মূল্যায়নের ফলাফল, শক্তি ও প্রয়োজন অনুযায়ী শিক্ষাদানের পদ্ধতি সামঞ্জস্য করেন। এটি সব ধরনের শ্রেণিতেই করা হয়।

## আমার সন্তানের কি অতিরিক্ত শেখার সুযোগ বা উপযুক্ত চ্যালেঞ্জ পাওয়ার সুযোগ থাকবে?

NSW-এর সব সরকারি স্কুল শিক্ষা বিভাগের উচ্চ সম্ভাবনাময় ও মেধাবী শিক্ষার্থীদের বিষয়ে যে শিক্ষা নীতি আছে, সেই অনুযায়ী উচ্চ সম্ভাবনাময় বা মেধাবী শিক্ষার্থীদের সহায়তা করে। শিক্ষকরা শিক্ষার্থীদের শক্তির দিকগুলো চিহ্নিত করেন এবং সেই অনুযায়ী উপযুক্ত অতিরিক্ত শেখার সুযোগ বা আরও উন্নত শেখার কার্যক্রমের পরিকল্পনা করেন। এটি সব ধরনের শ্রেণিতেই করা হয়। কোনো শিক্ষার্থীকে মিশ্র-বয়সী শ্রেণিতে রাখা হলে এই সুযোগগুলো সীমিত হয় না।

## মিশ্র-বয়সী শ্রেণিতে প্রতিবন্ধী শিক্ষার্থীদের কীভাবে সহায়তা করা হয়?

প্রতিবন্ধী শিক্ষার্থীদের মূলধারার শ্রেণি বা সহায়তা শ্রেণি—যেখানেই হোক না কেন, প্রতিটি শ্রেণিতে, মিশ্র-বয়সী শ্রেণিসহ, শিক্ষায় পূর্ণভাবে অংশগ্রহণের জন্য সহায়তা করা হয়। শিক্ষকরা প্রতিটি শিক্ষার্থীর শক্তি, প্রয়োজন এবং লক্ষ্য সম্পর্কে জানেন এবং তাদের সফল হতে সহায়তা করার জন্য পার্থক্যভিত্তিক শিক্ষাদান, প্রয়োজনীয় যুক্তিসঙ্গত ব্যবস্থা এবং প্রয়োজনে ব্যক্তিগতকৃত শিক্ষা ও সহায়তা পরিকল্পনা ব্যবহার করেন। উপযুক্ত ক্ষেত্রে এসব সিদ্ধান্ত শিক্ষার্থীদের সঙ্গে এবং তাদের বাবা-মা, পরিচর্যাকারী ও সংশ্লিষ্ট স্কুলের কর্মীদের সঙ্গে আলোচনা করে নেওয়া হয়। কোনো শিক্ষার্থীকে মিশ্র-বয়সী শ্রেণিতে রাখা হলে তার ব্যক্তিগত সহায়তার ব্যবস্থায় কোনো পরিবর্তন হয় না।

## গবেষণা কী বলে?

উচ্চমানের শিক্ষাদান স্কুলে শিক্ষার্থীদের শেখার ওপর একটি গুরুত্বপূর্ণ প্রভাব ফেলে এবং শ্রেণির আকার, শ্রেণিতে শিক্ষার্থীদের গঠন বা অন্যান্য সম্পদের তুলনায় এর প্রভাব বেশি। গবেষণায় দেখা যায়, শিক্ষাদান ভালোভাবে পরিকল্পিত হলে এবং শিক্ষার্থীরা যথাযথ সহায়তা পেলে, মিশ্র-বয়সী শ্রেণির শিক্ষার্থীরা একক-বর্ষের শ্রেণির শিক্ষার্থীদের মতোই একই ধরনের একাডেমিক ফলাফল অর্জন করতে পারে। মিশ্র-বয়সী শ্রেণি শিক্ষার্থীদের বিভিন্ন বয়স ও সক্ষমতার সহপাঠীদের সঙ্গে সহযোগিতা, সহমর্মিতা এবং ইতিবাচক সম্পর্ক গড়ে তুলতেও সহায়তা করতে পারে।

# টেলিফোন দোভাষী সেবাব্যবস্থা

আপনি যদি আরও তথ্য জানতে চান, তাহলে অনুগ্রহ করে স্কুলের প্রধান শিক্ষকের সঙ্গে যোগাযোগ করুন। আপনার প্রশ্ন বা জিজ্ঞাসার ক্ষেত্রে কোনো দোভাষীর সহায়তা প্রয়োজন হলে, অনুগ্রহ করে 131 450 নম্বরে টেলিফোন দোভাষী সেবায় ফোন করুন এবং আপনার ভাষার একজন দোভাষীর জন্য অনুরোধ করুন। অপারেটরকে আপনি যে ফোন নম্বরে কল করতে চান সেই নম্বরটি বলুন। অপারেটর একজন দোভাষীকে ফোনে যুক্ত করবেন, যিনি কথোপকথনে আপনাকে সহায়তা করবেন। এই সেবার জন্য আপনাকে কোনো অর্থ প্রদান করতে হবে না।